# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 29-01-2026 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁর সরকার, দেশের সার্বিক বিকাশের উদ্দেশে রিফর্ম, পারফর্ম এবং ট্রান্সফর্মের নতুন যাত্রায় সওয়ার হয়েছে।

২) বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে আজ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সংসদে ২০২৫/২৬-এর অর্থনৈতিক সমীক্ষা পেশ করেছেন।

# দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন(GDP)২০২৬ অর্থবর্ষে ৭ দশমিক ৪ শতাংশ বৃদ্ধি পাবে বলে সমীক্ষায় উল্লেখ।

৩/ বিমান দুর্ঘটনায় মৃত মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের শেষকৃত্য, আজ বারামতীতে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে।

# দুর্ঘটনাগ্রস্ত বিমানটির ব্ল্যাক বক্স উদ্ধার হয়েছে।

৪/ ৭৭-তম সাধারণতন্ত্র দিবস উদযাপনের সমাপ্তি উপলক্ষে নতুন দিল্লির বিজয়চকে আজ বিটিং রিট্রিট-এর আয়োজন করা হয়েছে।

৫/ বাংলাদেশের নাগরিকদের ন্যূনতম মানবিক অধিকারও রক্ষা করা সম্ভব হচ্ছে না বলে, সেদেশের শীর্ষ প্রশাসনকে সতর্ক হওয়ার হুঁশিয়ারি দিয়েছে আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন, অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল।

৬) গাজা শান্তি চুক্তির দ্বিতীয় পর্যায়ে, ইজরায়েল প্যালেস্টাইন সংঘাত অবসানে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রশংসা করল ভারত।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দীর্ঘদিনের জমে থাকা সমস্যাকে সরিয়ে রেখে দেশ দীর্ঘস্থায়ী সমাধানের লক্ষ্যে এগিয়ে চলেছে। তাঁর সরকারকে সংস্কার, প্রদর্শন এবং রূপান্তরের প্রতীক হিসেবে চিহ্নিত করা হয়েছে। দেশ রূপান্তরের নতুন যাত্রায় সওয়ার হয়েছে। নতুন দিল্লিতে

সংসদ ভবন চত্ত্বরে আজ বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে শ্রী মোদী সাংবাদিকদের বলেন, সরকারের কল্যাণমূলক প্রকল্পের সুবিধা, সমাজের প্রান্তিকতম মানুষের কাছে পৌঁছে দেওয়ার ওপর কেন্দ্র বিশেষ জোর দিয়েছে। ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারতে'র লক্ষ্য অর্জনে পরবর্তী ২৫ বছর অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, গতকাল সংসদ ভবনে রাষ্ট্রপতির অভিভাষণের মধ্য দিয়ে সরকারের প্রতি দেশের ১৪০ কোটি মানুষের বিশ্বাস প্রতিফলিত হয়েছে।

( বাইট- মোদী/ ২০৪৭ )

সাম্প্রতিক ভারত- ই ইউ মুক্ত বাণিজ্য চুক্তির বিষয়ে প্রত্যয় ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, এই পদক্ষেপ, দেশকে আরো আত্মবিশ্বাসী, প্রতিযোগিতামূলক এবং উন্নয়নমুখীকরে তুলবে। এই চুক্তিকে, আত্মনির্ভর ভারত গঠনের পথে এক বড় পদক্ষেপ বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

( বাইট- মোদী/FTA )

ooooooooooooooooo

বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে আজ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সংসদে ২০২৫/২৬-এর অর্থনৈতিক সমীক্ষা পেশ করেছেন।

( বাইট – নির্মলা)

মুখ্য অর্থনৈতিক উপদেষ্টার তত্ত্বাবধানে মন্ত্রকের অর্থনীতি বিষয়ক দপ্তর, এই সমীক্ষা প্রস্তুত করেছে। দেশের বর্তমান আর্থিক পরিস্থিতি এবং ভবিষ্যত অভিমুখ নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়েছে এই সমীক্ষায়। এরপরই লোকসভার অধিবেশন ও রাজ্যসভার অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে গেছে। আগামী পয়লা ফেব্রুয়ারী রবিবার ২০২৬-২৭ অর্থবর্ষে কেন্দ্রীয় বাজেট পেশের দিন সভা ফের বসবে।

ooooooooooooooooo

অর্থনৈতিক সমীক্ষা পেশের সময়ে, দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন(GDP)-র হার ২০২৬ অর্থবর্ষে ৭ দশমিক ৪ শতাংশ বৃদ্ধি পাবে এবং ২০২৭ অর্থবর্ষে এই বৃদ্ধি ৬ দশমিক ৮ শতাংশ থেকে ৭ দশমিক ২ শতাংশের মধ্যে থাকবে বলে নির্মলা সীতারমন উল্লেখ করেন। সমীক্ষায় বলা হয়েছে, ২০২৬ সালে ভারতের অর্থনীতি দ্রুতগতিতে বৃদ্ধি পাবে।

ooooooooooooooooo

নির্বাচনী প্রচারে যাওয়ার পথে বিমান দুর্ঘটনায় মৃত মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের শেষকৃত্য, আজ বারাবতীতে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, নীতিন গড়কড়ী, রাজ্যের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফরনবিশ, উপমুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে, গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান, বিজেপির সর্ব ভারতীয় সভাপতি নীতিন নবীন, NCP-SP-র সুপ্রিমো শরদ পাওয়ার, অজিত পাওয়ারের স্ত্রী এবং সাংসদ সুলেখা পাওয়ার, ছেলে পার্থ এবং জয়, বোন সাংসদ সুপ্রিয়া সুলে সহ রাজনৈতিক দলমত নির্বিশেষে বিশিষ্ট ব্যক্তিরা, বিদ্যা প্রতিষ্ঠান ময়দানে আয়োজিত শেষ কৃত্যানুষ্ঠানে উপস্থিত ছিলেন। জাতীয় পতাকায় ঢেকে নিয়ে আসা 'মহারাষ্ট্রের দাদা'-র দেহ, ছেলে জয় পাওয়ারের হাতে তুলে দেওয়া হয়।

ooooooooooooooooo

মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের মৃত্যুতে দুর্ঘটনাগ্রস্ত বিমানটির ব্ল্যাক বক্সটি উদ্ধার করা সম্ভব হয়েছে বলে অসামরিক উড়ান পরিবহণ মন্ত্রক জানিয়েছে। মন্ত্রক জানিয়েছে, এই দুর্ঘটনার কারণ খুঁজতে সব ধরণের তদন্তমূলক কাজ শুরু করা হয়েছে। দিল্লির উড়ান দুর্ঘটনা তদন্তকারী ব্যুরো(AAIB)-র তিন সদস্যের একটি দল ও অসামরিক উড়ান পরিবহণ মহানির্দেশালয়-DGCA-র তিন সদস্যের একটি দল গতকাল দুর্ঘটনাস্থল পরিদর্শন করে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী আবাস যোজনার সূচনালগ্ন থেকে এখনও পর্যন্ত দেশে এক কোটি ৬৪ লক্ষেরও বেশি বাড়ি অনুমোদন করা হয়েছে বলে কেন্দ্র সরকার জানিয়েছে। লোকসভায় বিরোধীদের প্রশ্নের জবাবে কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক প্রতিমন্ত্রী তোখন সাহু বলেন, দুই লক্ষ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তায় এক কোটিরও বেশি মানুষ এই প্রকল্পের সুবিধা গ্রহণ করেছেন।

oooooooooooooooooooooo

ভারত-ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে কংগ্রেস নেতা জয়রাম রমেশের সমালোচনা খারিজ করে দিয়ে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, এই চুক্তি উভয় পক্ষের জন্যই লাভজনক হিসেবে প্রতিপন্ন হয়েছে। কংগ্রেসকে কটাক্ষ করে শ্রী গোয়েল বলেন,

ক্ষমতায় থাকাকালীন যারা সঠিক সিদ্ধান্ত নিতে পারেনি, তাঁদের কাছ থেকে সমালোচনা প্রত্যাশিত নয়।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রীর ফ্ল্যাগশিপ কর্মসূচী Pro-Active Governance and Timely Implementation - PRAGATI (প্রগতি)-র ৫০-তম বৈঠক সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়। একে উল্লেখযোগ্য মাইলফলক হিসাবে দেখছে সরকার। ২০১৫ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উদ্যোগ চালু করার পর সম্পূর্ণ পাল্টে গেছে দেশের প্রশাসনিক ব্যবস্থাপনা। সম্ভব হয়েছে প্রকৃত সময়ে প্রকল্পের নজরদারি। মূল পরিকাঠামোগত প্রকল্পগুলি নিয়ে জনগণের মতামত বা অভিযোগ সরাসরি প্রধানমন্ত্রীর কাছে পাঠানো যাচ্ছে। একক ডিজিটাল প্ল্যাটফর্মের মধ্যে দিয়ে কেন্দ্র, রাজ্য ও বিভিন্ন মন্ত্রককে এক জায়গায় আনা সম্ভব হয়েছে, যা সফল গণতান্ত্রিক ব্যবস্থার অন্যতম উদাহরণ।

oooooooooooooooooooooo

'আজকের প্রসঙ্গ' অনুষ্ঠানে এবারের বিষয়- **প্রগতি**। আজ শুনবেন বিশেষ আলোচনা- "নতুন ভারত গঠনে সারা দেশে **সড়ক যোগাযোগ** ব্যবস্থার বিস্তার " ।

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক প্রফেসর সুজয়া বসু-র সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার ।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooo

৭৭তম সাধারণতন্ত্র দিবস উদযাপনের সমাপ্তি উপলক্ষে আজ নতুন দিল্লির বিজয় চকে বিটিং রিট্রিট অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সহ কেন্দ্রীয় মন্ত্রীরা উপস্থিত থাকবেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন বিটিং রিট্রিট অনুষ্ঠানটি সাধারণতন্ত্র দিবস উদযাপনের সমাপ্তির প্রতীক। এই অনুষ্ঠানে ভারতের সমৃদ্ধ সামরিক ঐতিহ্যের শক্তি প্রদর্শিত হবে।

oooooooooooooooooooooo

এ বছরের সাধারণতন্ত্র দিবসের প্যারেডের সেরা মার্চিং কন্টিনজেন্ট ও সেরা ট্যাবলোর ফলাফল ঘোষণা করা হয়েছে। তিন বাহিনীর মধ্যে ভারতীয় নৌবাহিনী সেরা মার্চিং কন্টিনজেন্ট হিসেবে নির্বাচিত হয়েছে ।

oooooooooooooooooooooo

বাংলাদেশের নাগরিকদের ন্যূনতম মানবিক অধিকারও রক্ষা করা সম্ভব হচ্ছে না বলে, সেদেশের শীর্ষ প্রশাসনকে সতর্ক হওয়ার হুঁশিয়ারি দিয়েছে আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন, অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। আগামী মাসে সেদেশে জাতীয় নির্বাচনের আগে অবিলম্বে এই সমস্যার সমাধান করার নির্দেশ দিয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল।

সেদেশের সরকারের মুখ্য উপদেষ্টা মুহাম্মদ ইউনুসকে পাঠানো এক চিঠিতে অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের সাধারণ সম্পাদক অ্যাগনেস কালামার্ড বলেছেন, অন্তর্বর্তী সরকার, জনগণের বিশ্বাস অর্জন করতে ব্যর্থ হয়েছে, যা আসন্ন ১২-ই ফেব্রুয়ারির নির্বাচনের গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলে দিচ্ছে।

গতবছর সাংবাদিক মনজুরুল আলম পান্না ও আনিস আলমগীরের গ্রেফতারিকে স্বেচ্ছাচারী ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত আখ্যা দিয়ে কালামার্ড বলেন, সাংবাদিক ও প্রতিবাদীদের কণ্ঠরোধ করতে, সন্ত্রাসবাদ বিরোধী আইনের অপব্যবহার করছে সেদেশের সরকার।

oooooooooooooooooooooo

গাজা শান্তি চুক্তির দ্বিতীয় পর্যায়ে, ইজরায়েল প্যালেস্টাইন সংঘাত অবসানে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রশংসা করল ভারত। মধ্যপ্রাচ্যের পরিস্থিতি নিয়ে নিরাপত্তা পরিষদ আয়োজিত বিতর্কে জঙ্গি সংগঠন হামাসের নাম না করেই ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ সন্ত্রাসবাদের নিন্দা করেন। তিনি বলেন, সভ্য সমাজে সন্ত্রাসবাদের কোনও স্থান নেই এবং প্রকাশ্যেই তাঁর নিন্দা করা উচিত। উল্লেখ্য গাজা সম্পর্কিত নভেম্বর কাউন্সিলের প্রস্তাব বাস্তবায়নে অগ্রগতির কথা উল্লেখ করে দীর্ঘদিন ধরে চলা সমস্যা সমাধানে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রশংসা করেন শ্রী পি হরিশ।

*ooooooooooooooooooooo*

*ooooooooooooooooooooo*